# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXIV | NOVEMBER 2022 | No. 09


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৭৭:১-১১

১। আমি ঈশ্বরের কাছে সাহায্যের প্রার্থনা করলাম; আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করলাম যেন তিনি কর্ণপাত করেন।

২। যখন আমি দুর্দশায় ছিলাম, আমি প্রভুর খোঁজ করলাম;আমার হাত স্বর্গের দিকে তুলে আমি সারারাত প্রার্থনা করলাম, আর আমার প্রাণ স্বস্তি পেল না।

৩। আমি তোমাকে স্মরণ করলাম, হে ঈশ্বর, আর আমি আর্তনাদ করলাম;আমি ধ্যান করলাম আর আমার আত্মা ক্রমশ ক্ষীণ হল।

৪। তুমি আমার চোখ বন্ধ হতে দিলে না;আমি এতটাই বেদনায় ছিলাম যে প্রার্থনা করতে পারলাম না।

৫। আমি পূর্ববর্তী দিনের কথা চিন্তা করলাম, বহু বছর পূর্বের কথা;

৬। রাত্রিকালে আমার গান আমার মনে এলো। আমার হৃদয় ধ্যান করল আর আমার আত্মা প্রশ্ন করল;

৭। "প্রভু কি চিরকালের জন্য পরিত্যাগ করবেন? তিনি কি তাঁর অনুগ্রহ আর দেখাবেন না?

৮। তাঁর অবিচল প্রেম কি চিরকালের জন্য নিশ্চিহ্ন হয়েছে? সর্বকালের জন্য কি তাঁর প্রতিশ্রুতি ব্যর্থ হয়েছে?

৯। ঈশ্বর কি দয়াশীল হতে ভুলে গেছেন? রাগে কি তিনি তাঁর করুণা দূরে রেখেছেন?"

১০। তখন আমি ভাবলাম,"এই আমার পরিণতি; পরাৎপরের হাত আমার বিরুদ্ধে গিয়েছে।

১১। আমি সদাপ্রভুর ক্রিয়াসকল স্মরণ করব; হ্যাঁ! আমি তোমার পূর্বকালের আশ্চর্য কাজসকল মনে করব।"

THE LORD WILL BLESS YOU ALSO!

# সদাপ্রভু আপনাকেও আশীর্ব্বাদ করবেন!

**তোমার পৈত্রিক সেই ঈশ্বরের কারণে, যিনি তোমাকে সাহায্য করলেন, সেই সর্বশক্তিমানের কারণে, যিনি তোমাকে আশীর্ব্বাদ করলেন ঊর্ধ্বস্থিত আকাশের আশীর্ব্বাদসহ, নিচস্থ গভীর নির্ঝরিণীর আশীর্ব্বাদসহ, স্তন ও গর্ভের আশীর্ব্বাদসহ। -আদি ৪৯: ২৫**

*তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার ৫৪তম বর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত সভায় পাস্টর এস. অব্রাহাম কর্তৃক প্রদত্ত প্রভুর বাণী।*



আদিপুস্তক ৪৯ অধ্যায়ে আমাদের পিতৃকুলপতি যাকোব কর্তৃক তাঁর ১২ জন পুত্রের প্রত্যেককে যে আশীর্ব্বাদগুলি প্রদত্ত হয়েছিল সেই বিষয় প্রকাশ করা হয়েছে। 'যোষেফ' নামটির অর্থ হচ্ছে বহুগুণ বৃদ্ধি। উপরের উদ্ধৃতিটি (আদি ৪৯:২৫), হচ্ছে যোষেফকে প্রদত্ত আশীর্ব্বাদ। এই আশীর্ব্বাদগুলিতে আমরা চার প্রকারের আশীর্ব্বাদ দেখতে পাই:

(১) আকাশ থেকে আগত আশীর্ব্বাদগুলি,

(২) নিচস্থ গভীর থেকে আগত আশীর্ব্বাদগুলি,

(৩) মায়ের সঙ্গে সম্বন্ধযুক্ত আশীর্ব্বাদগুলি যিনি তার সন্তানদের খাওয়ান,

(৪) মায়ের গর্ভের সঙ্গে সম্বন্ধযুক্ত আশীর্ব্বাদগুলি, যা সন্তানের জন্মের সময় মায়ের মহাবেদনার অভিজ্ঞতার মধ্যে দিয়ে অসংখ্য প্রজন্ম উৎপন্ন করতে সক্ষম।

## ১। আকাশের আশীর্ব্বাদগুলি!

আকাশ থেকে যে আশীর্ব্বাদগুলি আসে তা মহা উৎকর্ষপূর্ণ। প্রত্যেক ঈশ্বরের সন্তানদের অবশ্যই এই আশীর্ব্বাদগুলি গ্রহণ করতে হবে। আমাদের পিতৃকুলপতি ইসহাক যখন তাঁর পুত্রকে প্রথমে আকাশের আশীর্ব্বাদ দিয়েছিলেন: "**ঈশ্বর তোমাকে আকাশের শিশির আর ভূমির প্রাচুর্য — শস্যপ্রাচুর্য ও নতুন দ্রাক্ষারস দান করুন।**" এই আশীর্ব্বাদ অনুসারে, সদাপ্রভু ঈশ্বরও ইসাহাক কর্তৃক উল্লিখিত প্রত্যেকটি বিষয় দিয়েছিলেন। আদি ১:১ পদে আমরা পাঠ করি, শুরুতে ঈশ্বর আকাশমণ্ডল ও পৃথিবী সৃষ্টি করলেন। সুতরাং বাইবেলে বলা হয়েছে যে ঈশ্বর প্রথমে 'আকাশমণ্ডল' সৃষ্টি করেছিলেন। ঈশ্বর 'আকাশকে' মহা গুরুত্ব দিয়েছিলেন। অব্রাহাম

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.
**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager
**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858
**CORE LEADERS**
Bro. K. Puratchivendan
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah
**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com
**YOUTUBE CHANNEL**
Echo of His Call


> “সদাপ্রভু তোমাদের প্রতি তার মুখ ফেরান ও তোমাদের শান্তি দিন।” গণনা ৬ : ২৬

যীশু খ্রীষ্টে প্রিয় বন্ধু গণ,

আমরা আমাদের আশ্চর্য প্রভু এবং ত্রাণকর্তা খ্রীষ্ট যীশুর নামে আপনাদের শুভেচ্ছা জানাই।

ঈশ্বরের পরম করুণায় ২০২২ এর বর্ষ শেষ দ্রুত সামনে এগিয়ে আসছে। পৃথিবীর লোকেরা নিজেদের প্রস্তুত করছে এবং আগ্রহের সঙ্গে যীশু খ্রীষ্টের জন্ম এবং ২০২৩ এর নববর্ষ উদযাপনের জন্য আগ্রহের সঙ্গে অপেক্ষা করছে। আত্মিক লোক হিসাবে, আমাদের উচিৎ আত্মিকভাবে গাম্ভীর্যের সঙ্গে এই দিনগুলি ব্যবহার করা উচিৎ। আমাদের উচিৎ নিজেদেরকে ঐকান্তিক প্রার্থনা এবং বাস্তব ঈশ্বরের পরিচর্যাগুলির মধ্যে নিজেদের নিযুক্ত করা।

প্রার্থনা এবং পরিচর্যা হচ্ছে একটি মুদ্রার দুটি দিক। আমরা অসংখ্য লোকদের ঈশ্বরের পরিচর্যা কাজে ব্যস্ত থাকতে দেখি কিন্তু তারা তাদের প্রার্থনার সময় পরিত্যাগ করেন। এর ফল হচ্ছে আত্মিক অবসাদ এবং অসৎ পথে ফিরে যাওয়া।

আমি আপনার সঙ্গে আমার হাতে লেখা একটি সংক্ষিপ্ত চিন্তার বিষয় সহভাগিতা করছি যা ঈশ্বর আজ সকালে আমাকে দিয়েছেন।

লোকদের মধ্যে সহভাগিতা কয়েক সময় কিছু তিক্ত আবেগ আনে। আমরা নিখুঁত লোক নই কিন্তু আমরা প্রতিদিন নিখুঁত হওয়ার পথে রূপান্তরিত হচ্ছি। কিন্তু যারা সর্বদা প্রার্থনা করে তারা ক্রোধ এবং সন্দেহকে কোনও জায়গা দেয় না।

প্রার্থনার অনুপস্থিতির জন্য ঝগড়াঝাটি এবং তুচ্ছ ব্যাপার নিয়ে চেঁচামিচি দেখা যায়। প্রার্থনাহীন ব্যক্তি দুটি বিষয়ের মধ্যে যে কোনও একটির উৎস, যেমন, বিবাদে জড়িয়ে পড়া অথবা অসৎ পথে ফিরে যাওয়া। সহভাগিতা থেকে যে সমস্ত চ্যালেঞ্জগুলি এবং ঝামেলাগুলি তৈরী হতে পারে সেই বিষয়ে পৌলের স্পষ্ট ধারণা ছিল, যার জন্য তিনি চার্চের জন্য একটি কঠোর নিয়ম তৈরী করেছিলেন যে লোকদের অবিরত প্রার্থনা করতে হবে। এই বিষয়টিকে সামলানোর দায়িত্ব দেওয়া হয়েছিল তীমথিয়কে। আদি মণ্ডলীতে প্রেরিতরা যখন প্রার্থনায় কম সময় দিয়ে এই বিষয়গুলি নিয়ে কাজ করছিলেন, তারা বিভিন্ন ঝামেলা, অসন্তোষ এবং এবং বিবাদ উৎপন্ন হতে দেখেছিলেন। তারা সঙ্গে সঙ্গে এর কারণ খুঁজে বের করেছিলেন - প্রার্থনার অভাব। তারা যখন প্রার্থনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করেছিলেন, তখন আবার সহভাগিতার মধুরতা বিদ্যমান হয়েছিল ( প্রেরিত ৬:৪)।



চেন্নাইয়ে আমাদের পরিচর্যার মুখ্য নেতৃবর্গ

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ▫ BIBLECOR - Postal Courses (3 languages) ▫ Online Courses ▫ Theological Correspondence Courses (2 languages) ▫ Church Planting ▫ Nehemiah Bible Colleges ▫ Gospel Printing Press ▫ Great Commission Partners ▫ St. Paul's Matriculation School ▫ Crusades ▫ Community Development

যখন প্রার্থনা ব্যর্থ হয়, তখন পবিত্রতাও ব্যর্থ হয়। সমস্ত রকমের পাপ আসে — চোখের অভিলাষ, মাংসের অভিলাষ, জীবনের দর্প আসে এবং ব্যক্তিগত পরিত্রাণে এবং বৃহত্তরভাবে মণ্ডলীতে বিপর্যয় ঘটায়। কোনও সন্তুষ্টি থাকে না। অভিযোগ, অসন্তোষ প্রকাশ, দোষ খুঁজে বেড়ানো, সমালোচনা করা এবং দোষী সাব্যস্ত করার বিষয়গুলি বৃদ্ধি পায়। এই বিষয়গুলি প্রার্থনাহীনতার তিক্ত ফলগুলি। সন্দেহ মৃত্যুযন্ত্রণার পরিণতির পথে পরিচালিত হওয়ার পথ করে দেয়। লোকেরা যখন প্রার্থনা করতে ব্যর্থ হয় তখন এই সমস্ত বিষয়গুলি ঘটে। প্রার্থনাহীনতার ফলস্বরূপ সহভাগিতা ব্যর্থ হয়। প্রার্থনা হচ্ছে জীবনদায়ী রক্ত যা আত্মার ফলগুলি উৎপন্ন করে।

## আমাদের মুখ্য নেতৃবর্গের জন্য বিশেষ কর্মসূচী

২০২২ এর ১২ই সেপ্টেম্বর মাসে বিকাল ৫টার সময় চেন্নাইয়ে আমাদের পরিচর্যার মুখ্য নেতৃবর্গের সহভাগিতা এবং প্রার্থনার জন্য একটি বিশেষ কর্মসূচীর আয়োজন করা হয়েছিল। ঈশ্বর এই অনুষ্ঠানটিকে আশীর্ব্বাদ করেছিলেন। **ভ্রাতৃগণ আমাদের জন্য প্রার্থনা করুন।** (১ থিষলনীকীয়)

ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেক্স স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858
E.mail : samselvaraj333@gmail.com

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

যখন তাঁকে প্রদত্ত ঈশ্বরের প্রতিজ্ঞা সম্পর্কে সন্দেহ করেছিলেন, সদাপ্রভু তাঁকে বাইরে নিয়ে এসেছিলেন এবং আকাশের দিকে দেখতে বলেছিলেন।



**তিনি অব্রামকে বাইরে নিয়ে গিয়ে বললেন, "আকাশের দিকে তাকিয়ে দেখো ও যদি সম্ভব হয় তবে তারাগুলি গোনো।" আর তিনি তাঁকে বলেছিলেন, "তোমার সন্তানসন্ততিরা এরকমই ýÉõ"** (আদি ১৫:৫)। আমরা যখন এই জাগতিক জীবনে উদ্বিগ্ন হই, আমাদের দুঃখগুলি আনন্দে পরিণত হয় কারণ ঈশ্বর আমাদের উপর স্বর্গীয় আশীর্ব্বাদ বর্ষণ করেন। একটি ছোট বালক যীশুর কাছে এসেছিল। তার কাছে পাঁচটি রুটি এবং দুটি মাছ ছিল। ঐ খাবার যখন প্রভু যীশু খ্রীষ্টের হাতের মধ্যে এসেছিল, তখন এটি ৫০০০ লোকের অধিক লোকের ক্ষুধা নিবৃত্তি করেছিল। ঐ ছোট বালকের খাবার কীভাবে এতো অধিক ক্ষুধার্ত লোককে আহার দিয়েছিল? কীভাবে এই অলৌকিক কাজ সম্পন্ন হয়েছিল? প্রভু যীশু খ্রীষ্টের খাদ্যটি স্বর্গের দিকে তুলে ধরার জন্য এবং স্বর্গ থেকে আশীর্ব্বাদ লাভ করার জন্য নয়?



তাঁর পরিচর্যায় প্রায়ই যীশু খ্রীষ্টের অভ্যেস ছিল আকাশের দিকে তাকানো। আকাশের আশীর্ব্বাদগুলি স্বর্গ থেকে শক্তি নামিয়ে আনে যেখানে ঈশ্বর বাস করেন। স্বর্গের গৌরবের কারণে এটি ঘটেছিল, যে খাদ্য কেবল একটি ছোট বালকের জন্য যথেষ্ট ছিল তা এতো পরাক্রমী হয়েছিল যে এটি হাজার হাজার লোকদের ক্ষুধা নিবৃত্ত করেছিল।

আরেকটি ঘটনা দেখা যাক যেখানে স্বর্গের মহিমা প্রমাণিত হয়। একবার যীশুর কাছে একজন বোবা এবং কালা লোককে আনা হয়েছিল। মার্ক ৭:৩৩, ৩৪ পদে আমরা পাঠ করি, তিনি তাঁকে বিস্তর জনতার মধ্যে থেকে একদিকে সরিয়ে নিয়ে গিয়েছিলেন এবং তাঁর দুই কানে তাঁর আঙুল রেখেছিলেন। তিনি থুতু ফেলেছিলেন এবং তার জিহ্বা স্পর্শ করেছিলেন। তারপর, তিনি স্বর্গের দিকে উর্দ্ধ দৃষ্টি করে দীর্ঘশ্বাস ফেলে বলেছিলেন, "ইফ্ফাথা!" যার অর্থ "খুলে যাক।" লাসার যখন অসুস্থ হয়েছিলেন, তারা তাঁকে আরোগ্য করার জন্য যীশুকে ডেকেছিলেন। কিন্তু লাসার যখন অসুস্থ হয়েছিলেন তখন যীশু তাকে দেখতে আসেননি অথবা তিনি যখন মারা গিয়েছিলেন তখন তিনি আসেননি। লাসার মারা যাবার চারদিন পর তিনি সেই স্থানে এসেছিলেন। লাসার যীশুর ভালোবাসার প্রিয় বন্ধু হওয়া সত্ত্বেও, যখন লাসারের দেহ পচতে শুরু করেছিল তখন তিনি তার কবরে এসেছিলেন (যোহন ১১:৩৯)। বাইবেলের যোহন ১১:৪১, ৪২, পদে বলা হয়েছে, **"...যীশু তারপর উর্দ্ধ দৃষ্টি করে বললেন, 'পিতা, আমার প্রার্থনা শুনেছ বলে তোমাকে ধন্যবাদ দিই। আমি জানতাম, তুমি নিয়ত আমার কথা শোনো...।"** এইভাবে, স্বর্গ থেকে আশীর্ব্বাদগুলি এবং শক্তি লাভ করে, তিনি উচ্চকণ্ঠে ডেকেছিলেন, "লাসার, বেরিয়ে এসো!" (যোহন ১১:৪৩)। তারপর চারদিনের পচা দেহযুক্ত লাসার জীবিত হয়ে কবর থেকে বেরিয়ে এসেছিলেন। সমস্যা যতই বড় হোক না কেন তা যীশুর কাছে কোনও সমস্যা নয়। তিনি যে কোনও সমস্যা থেকে বড় কারণ তিনি সর্বশক্তিমান এবং সর্ব ক্ষমতার অধিকারী ঈশ্বর। আমাদের সদাপ্রভু ঈশ্বরের ক্ষমতা যে স্বর্গীয় আশীর্ব্বাদ নামিয়ে আনেন তা যে কোনও সমস্যার থেকে বড়। অধিকন্তু, যারা ঈশ্বরকে আন্তরিকভাবে বিশ্বাস করে তাদের সকলকে তিনি ঈশ্বরের রাজ্য দেন। ইস্রায়েলের লোকেরা যখন রফীদীমে ছিল, তারা পানীয় জলের জন্য মোশির সঙ্গে বিবাদ করছিল। সেই সময় মোশি উর্দ্ধে দৃষ্টিপাত করেছিলেন এবং সদাপ্রভুর কাছে ক্রন্দন করেছিলেন (যাত্রা ১৭:১-৪)। ঐ শুষ্ক এলাকায়, স্বর্গীয় আশীর্ব্বাদ এক অপূর্ব উপায়ে এসেছিল এবং শৈল থেকে জল নির্গত হয়েছিল (যাত্রা ১৭:৫-৬)।

যাকোব যখন হারোনে যাবার জন্য বের-শেবা পরিত্যাগ করেছিলেন, তখন তিনি গৃহহীন যাযাবরদের মতো একটা জায়গায় থেকেছিলেন। সেখানে বিছানা অথবা বালিশ ছিল না। তিনি তার ভবিষ্যত সম্পর্কে কোনও কিছু না জেনেই সেখানে ঘুমিয়ে পড়েছিলেন। জীবন সম্পর্কে জ্ঞানের ক্ষেত্রে তিনি প্রারম্ভিক অবস্থায় ছিলেন এবং তিনি মানসিক ভীষণ চাপের মধ্যে ছিলেন। সেখানে তিনি একটি স্বপ্ন দেখেছিলেন: **"...একটি সিঁড়ি পৃথিবীর উপর দাঁড়িয়ে আছে, ও সেটির মাথা আকাশ ছুঁয়েছে, এবং ঈশ্বরের দূতেরা সেটির উপর দিয়ে ওঠানামা করছেন। সেটির মাথায় সদাপ্রভু দাঁড়িয়েছিলেন... "** (আদিপুস্তক ২৮:১২,১৩)।

একজন ঈশ্বরের দাস তার সমস্ত সঞ্চয় এবং

লোকদের দেওয়া অনুদান খরচ করে ৫০০০ আসনের একটি চার্চ নির্মাণ করেছিলেন। কয়েক মাসের মধ্যে অনেক সমস্যার মধ্যে তাঁর চার্চ বিল্ডিংটা প্রচণ্ড ঝড়ের আঘাতে ভেঙ্গে পড়েছিল। প্রচণ্ড বেদনার মধ্যে তিনি যখন প্রার্থনা করছিলেন, অসংখ্য লোক তাঁকে উপহাস করেছিল। এই কষ্টকর পরিস্থিতির মধ্যে, কিছু সংখ্যক লোক তাঁর কাছে এসেছিল এবং জিজ্ঞাসা করেছিল, "আপনি কি আমাদের মণ্ডলীতে প্রচার করবেন?" এটি তাঁকে সান্ত্বনা দিতে পারে মনে করে তিনি তাদের অনুরোধ গ্রহণ করেছিলেন। অনেক মাস তিনি সেখানে প্রচার পরিচর্যার সঙ্গে যুক্ত ছিলেন। যেহেতু সেখানে লোকেরা প্রভুর গৌরবের অভিজ্ঞতা লাভ করেছিল, তাদের মধ্যে অনেকে চার্চে যোগদান করতে শুরু করেছিল। অসংখ্য লোক নতুন জীবন পেয়েছিল। তিনি যখন সেখানে দুই লক্ষ লোকের মধ্যে প্রচার করতে শুরু করেছিলেন, তিনি অত্যন্ত স্পষ্টভাবে প্রভুর মৃদু কণ্ঠস্বর শুনতে পেয়েছিলেন। তিনি যখন মহানন্দে ঈশ্বরের কথা শুনছিলেন, প্রভু তাঁকে বলেছিলেন, "তুমি কেবল ৫০০০ লোকের জন্য চার্চ নির্মাণ করতে চেয়েছিলে। আমি আগের চার্চটি ধ্বংস করেছিলাম কারণ আমি তোমাকে লক্ষ লক্ষ লোকের মধ্যে ব্যবহার করতে চেয়েছিলাম।"

প্রভু পাখীর বাসা ভেঙ্গে দেন যাতে পাখীরা নিজে নিজে উড়তে শেখে এবং নিজেরা তাদের খাদ্য শিকার করতে শেখে। যাকোব তাঁর স্বপ্নে কী সিঁড়ি বা মই দেখেছিলেন, আসুন আমরা যোহন ১:৫১ খুলে দেখি: তিনি আরও বললেন, **"আমি তোমাকে সত্যি বলছি, তুমি দেখবে স্বর্গলোক উন্মুক্ত হয়েছে, আর ঈশ্বরের দূতেরা মনুষ্যপুত্রের উপর ওঠানামা করছেন।"** মইটি হচ্ছেন স্বয়ং যীশু খ্রীষ্ট। যীশু খ্রীষ্ট হচ্ছেন মই যার মাধ্যমে আপনার প্রার্থনাগুলি পিতার কাছে নীত হয় এবং তাঁর উত্তর আনীত হয়। **"তাঁর মাথা ও চুল ছিল শুক্ল পশম, এমনকি, তুষারের মতো শ্বেতশুভ্র এবং তাঁর চোখ-দুটি ছিল লেলিহান অগ্নিশিখার মতো। তাঁর দু পা ছিল চুল্লিতে পরিষ্কৃত পিতলের মতো ঝকঝকে ..."** (প্রকাশিত বাক্য ১: ১৪-১৬)। যীশু খ্রীষ্ট যাঁর মুখমণ্ডল উজ্জ্বল সূর্য কিরণের মতো তিনি আমাদের জন্য একটি মইয়ে পরিণত হয়েছিলেন এবং তিনি সর্বদা আমাদের সঙ্গে আছেন এবং তিনি আমাদের সুরক্ষিত করেন এবং তিনি কখনও আমাদের পরিত্যাগ করেন না। ইয়োব ৯:১১ পদে আমরা পাঠ করি, **"তিনি যখন আমাকে পার করে চলে যান, আমি তাঁকে দেখতে পাই না; তিনি যখন কাছ দিয়ে যান, আমি তাঁকে চিনতে পরি না।"** তিনি যখন আমাদের সঙ্গে থাকেন, তিনি আমাদের আশীর্ব্বাদ করতে প্রস্তুত থাকেন, আমরা তা উপলব্ধি করতে ব্যর্থ হই।

## ২। পার্থিব আশীর্ব্বাদগুলি

আমরা যখন স্বর্গীয় আশীর্ব্বাদগুলি লাভ করি, তখন তিনি তার সঙ্গে আমাদের পার্থিব আশীর্ব্বাদগুলিও দেন। পার্থিব আশীর্ব্বাদগুলিও খুবই গুরুত্বপূর্ণ। **আর তিনি যখন সিনয় পর্বতে তাঁর সঙ্গে কথা বলা শেষ করেছিলেন, তিনি মোশিকে ঈশ্বরের হাতে লেখা। দুটি সাক্ষ্যের প্রস্তর ফলক দিয়েছিলেন** (যাত্রা ৩১:১৮)। মোশি স্বর্গীয়



আশীর্ব্বাদ লাভ করার পর, তিনি পাথরের প্রস্তরের উপরে লেখা ঈশ্বরের ব্যবস্থাগুলি এনেছিলেন, যা সিনয় পর্বত থেকে প্রাপ্ত পার্থিব আশীর্ব্বাদ। লোকদের পরিচালনা করার জন্য, সন্তানদের পথ দেখানোর জন্য এবং পরিবারকে সাহায্য করার জন্য এই পার্থিব আশীর্ব্বাদগুলির প্রয়োজন ছিল। মোশির পর্বত থেকে নেমে আসতে দেরী হওয়ায়, লোকেরা একটি বাছুরের প্রতিমা তৈরী করতে এবং এর আরাধনা করতে হারোণকে রাজী করিয়েছিল। মোশি যখন এটি দেখেছিলেন, তিনি খুব হতাশ হয়েছিলেন এবং মহাক্রোধে, তিনি পাথরের ফলক দুটি নীচে ফেলে দিয়েছিলেন এবং ভেঙ্গে দিয়েছিলেন। আমাদের স্বর্গীয় এবং আত্মিক আশীর্ব্বাদগুলি লাভ করাই যথেষ্ট নয়। আমাদের পার্থিব আশীর্ব্বাদগুলিও লাভ করা প্রয়োজন। এই আশীর্ব্বাদগুলি আমাদের বেদনা, মানসিক চাপ এবং দুঃখগুলি সরিয়ে দেয়। এটি আমাদের জাগতিক আশীর্ব্বাদগুলি লাভ করতেও সাহায্য করে। এই আশীর্ব্বাদগুলিও ঈশ্বরের কাছ থেকে

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यम: हिन्दी

*सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार* - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে নভেম্বর থেকে ১৮ই ডিসেম্বর, ২০২২)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**



## প্রশংসার বিষয়সমূহ

**নভেম্বর ১৯** : ডাক মারফৎ বাইবেল পাঠক্রম এবং ঈশতাত্ত্বিক পাঠক্রমের বৃদ্ধির জন্য।

**দিন ২০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার, মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**দিন ২১:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস থেকে ১৬টি ভাষায় আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা ছাপাতে এবং বিভিন্ন স্থানে পাঠাতে আমাদের সাহায্য করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২২:** অকটোবর মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**দিন ২৩:** আমাদের হাসপাতাল পরিচর্যা কাজে ঈশ্বরের অলৌকিক কাজগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ২৪:** আমাদের প্রধান মণ্ডলী, শাখা মণ্ডলী এবং এর সদস্যদের জন্য।

**দিন ২৫:** আমাদের **সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের** প্রিন্সিপাল, শিক্ষক/শিক্ষিকা এবং অন্যান্য কর্মীদের জন্য।

**দিন ২৬:** বহুমুখী পরিচর্যার মাধ্যমে সুসমাচার প্রচারের উদ্দেশে আমাদের সিনিয়ার পাস্টরের অঙ্গীকারবদ্ধতার জন্য।

**দিন ২৭:** নতুন বিশ্বাসীদের দ্বারা আমাদের মণ্ডলী আশীর্ব্বাদযুক্ত হওয়ার জন্য।

**দিন ২৮:** নতুন নতুন কর্মীদের দ্বারা আমাদের সংস্থা আশীর্ব্বাদযুক্ত হওয়ার জন্য।

**দিন ২৯:** ১২।৯।২০২২ তারিখে অনুষ্ঠিত নেতাদের মিলনসভাটিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ৩০:** ৩০।৯।২০২২ তারিখে চীপকে অনুষ্ঠিত সমস্ত বিশ্বাসীদের প্রার্থনা সভাটিকে আশীর্ব্বাদ করার জন্য।

**ডিসেম্বর ০১:** আমাদের সমস্ত কর্মী সদস্যদের এবং তাদের পরিবারগুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ০২:** আমাদের সহযোগী সম্পাদকদের জন্য এবং তাদের সহযোগীতার জন্য।

**দিন ০৩:** আমাদের প্রধান মণ্ডলীতে এবং শাখা মণ্ডলীগুলিতে রবিবারের উপাসনা সভাগুলির জন্য এবং সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রসারিত করার পরিচর্যগুলির জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সমস্ত দেশগুলির মধ্যে ঐক্য এবং শান্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ৫:** আমাদের **সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের এবং নহিমিয় বাইবেল কলেজের** কর্মীদের জন্য এবং শিক্ষার্থীদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৬:** আমাদের সহযোগী সম্পাদকদের জন্য এবং তাদের পরিবারগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ৭:** আমাদের কর্মীরা এবং ছাপাখানার কর্মীরা যতক্ষণ আমাদের অফিসের মধ্যে কর্মরত থাকবে ততক্ষণ তাদের নিরাপদ এবং সুস্থ রাখার জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** আমাদের **আবাসিক নহিমিয় বাইবেল কলেজের** শিক্ষার্থীদের সুস্বাস্থ্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ৯:** **সিন্ধি, কঙ্কোনি এবং মণিপুরি** ভাষায় আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা প্রকাশের জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** আমাদের সংস্থায় উপযুক্ত কর্মীদের নিযুক্ত করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১১:** যুবক যুবতীদের মধ্যে আত্মহত্যা করার প্রবণতা দূর করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১২:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির সমস্ত সদস্যদের উপকারের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** ঈশ্বর যেন এ মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরন করেন তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৪:** আমাদের পরিচর্যা সংক্রান্ত কার্যকলাপের সমস্ত অংশীদারদের এবং **আহ্বানের প্রতিধ্বনি** রাজ্য সমন্বয়কারীদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** আমাদের পরিচর্যা সংক্রান্ত সম্প্রসারণ এবং বিশ্বব্যাপী সুসমচার প্রচারের জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** সারা পৃথিবীর মহিলা এবং শিশুদের নিরাপত্তার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** আমাদের সিনিয়ার পাস্টরের আত্মজীবনী লেখার সাফল্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** আমাদের সিনিয়ার পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

আসে। আমরা আমাদের লোকদের জন্য,আমাদের সন্তানদের জন্য এবং আমাদের পরিবারের জন্য এই আশীর্ব্বাদগুলি ব্যবহার করতে পারি এবং তাদের পরিচালনা করতে পারি। এই আশীর্ব্বাদগুলি লাভ না করার জন্য অসংখ্য পরিবারকে অনেক বড় ক্লেশের মধ্যে পড়তে হয়। স্বর্গীয় আশীর্ব্বাদই যথেষ্ট মনে করে, অনেক পরিবারগুলি জাগতিক আশীর্ব্বাদগুলিকে প্রত্যাখ্যান করেন এবং ঈশ্বর তাদের যা দিয়েছেন তা তারা ভেঙ্গে দেন। সুতরাং তাদের দুঃখের মধ্যে বাস করতে হয়।

ইয়োব একদিনের মধ্যেই তাঁর সমস্ত জাগতিক বা পার্থিব আশীর্ব্বাদগুলি হারিয়ে ফেলেছিলেন। তিনি ৭০০০ মেষ, ৩০০০ উট, ৫০০ জোড়া বলদ, ৫০০ গর্দ্দভী, তাঁর নিজের পুত্র,কন্যাদের এবং পরিচারক ও পরিচারিকাদের একই দিনে হারিয়েছিলেন। ইয়োব জানতেন যে তিনি যা হারিয়েছেন, তা তাঁর সদাপ্রভু ঈশ্বর তাঁকে দ্বিগুণ ফিরিয়ে দিতে পারেন। তিনি বিশ্বাস করেছিলেন যে তিনি কখনও তাঁকে পরিত্যাগ করবেন না। শয়তান কর্তৃক প্রদত্ত বিভিন্ন পরীক্ষার কারণে আমরা পার্থিব আশীর্ব্বাদগুলি হারিয়ে ফেলতে পারি,ঈশ্বর আমাদের দ্বিগুণ ফিরিয়ে দিতে সক্ষম। **"...আমি পিতলের সব দুয়ার ভেঙে ফেলব ও লোহার সব অর্গল কেটে দেব। আমি অন্ধকারে রাখা সব ঐশ্বর্য তোমাকে দেব, দেব সেই সব সম্পদ, যেগুলি গুপ্ত স্থানে রাখা আছে, ... তুমি আমাকে না জানলেও আমি তোমাকে সম্মানের উপাধি দিয়েছি"** (যিশাইয় ৪৫:২-৫)।

আর সদাপ্রভু মোশিকে বলেছিলেন, **"প্রথম দুটির মতো আরও দুটি পাথরের ফলক খোদাই করো, এবং তুমি যে ফলকগুলি ভেঙ্গে ফেলেছিলে, সেগুলিতে যা যা লেখা ছিল আমি এগুলিতেও সেসব কথা লিখে দেব"** (যাত্রা ৩৪:১)।

আপনি যদি ঈশ্বরের প্রতিজ্ঞা অথবা পার্থিব আশীর্ব্বাদগুলি ভেঙ্গে থাকেন, তাহলে অনুগ্রহ করে উপলব্ধি করবেন যে ঈশ্বর আপনাকে তা ফিরিয়ে দেবার জন্য প্রস্তুত আছেন। বিশ্বাসে কাজ করুন। ঈশ্বর নিশ্চিতভাবে আপনার প্রয়োজনগুলি পূরণ করবেন।

## ৩। স্তনের আশীর্ব্বাদগুলি

স্তনের আশীর্ব্বাদ বলতে মায়ের বিষয় বুঝানো হয়েছে যিনি সন্তানদের লালন পালন করেন। যোষেফ স্তনের এবং গর্ভের আশীর্ব্বাদ লাভ করেছিলেন। ২ রাজা ৪:৮ পদে আমরা শূনেমীয় মহিলার সম্পর্কে পাঠ করি, তিনি উপরে একটি কুঠি নির্মাণ করেছিলেন এবং সেখানে ঈশ্বরের পরিচারকদের থাকার ব্যবস্থা করেছিলেন। তিনি তাদের সমস্ত প্রয়োজনগুলির জোগান দিতেন। ইলীশায় বলেছিলেন, "ওকে বলো, তুমি আমাদের জন্য খুব অসুবিধা ভোগ করছ। এখন বলো, তোমার জন্য কী করতে হবে?"...২ রাজা ৪:১৩)। **এর থেকে আমরা বুঝতে পারি যে তিনি ঈশ্বরের দাসদের কত উত্তমরূপে যত্ন নিতেন। যীশু খ্রীষ্ট তাঁর শিষ্যদের বলেছিলেন, "আমি তোমাদের সত্যিই বলছি, কেউ যদি খ্রীষ্টের লোক বলে তোমাদের এক পেয়ালা জলপান করতে দেয়, সে কোনো ভাবেই তার পুরস্কার থেকে বঞ্চিত হবে না"** (মার্ক ৯: ৪১)। ঈশ্বরের পরিচারকদের জন্য আপনি যে সেবা করবেন তা স্বর্গে স্বীকৃত হবে। কারা ঈশ্বরের পরিচারক? তারা আপনার প্রাণ এবং আত্মার উন্নতির জন্য সংগ্রাম করেন। আপনি যাতে জীবনে সফল হতে পারেন তার জন্য তারা প্রার্থনা করেন। তারা স্বর্গে আপনার সম্পর্কে রিপোর্ট করেন। "সদাপ্রভু আমার পালক;আমার অভাব হবে না" (গীত ২৩:১)। মেষপালকের হাতে যে যষ্ঠী থাকে তা গাছের নরম পাতাগুলোকে টেনে নীচে নামিয়ে আনতে সাহায্য করে। এটি হলো স্তন্যের আশীর্ব্বাদ। একজন মা যেমন তাঁর সন্তানকে তাঁর স্তন থেকে দুগ্ধ পান করান, ঈশ্বরের পরিচারকেরা সেইভাবে প্রভুর কাছ থেকে আশীর্ব্বাদগুলি আনেন এবং তা লোকদের কাছে পৌঁছে দেন। এইভাবে আমাদের ঈশ্বরের পরিচারকদের কাছ থেকে স্তন্যের আশীর্ব্বাদগুলি অবশ্যই লাভ করতে হবে।

**"... কিন্তু হান্নার কোনও সন্তান ছিল না"**(১ শমূ ১:২)। **"...যেহেতু সদাপ্রভু হান্নাকে বন্ধ্যা করে রেখেছিলেন"** (১ শমূ ১:৬)। এই পদগুলি আমাদের বলে যে সদাপ্রভু তাঁকে বন্ধ্যা করে রেখেছিলেন। তিনি সদাপ্রভুর কাছে প্রার্থনা করেছিলেন এবং দিব্য করেছিলেন যে সদাপ্রভু যদি তাঁকে একটি পুরুষ সন্তান দেন, তাহলে তিনি তাকে সারা জীবনের জন্য সদাপ্রভুর কাছে ফিরিয়ে দেবেন।

১। একটি সন্তান গর্ভধারণ করার অর্থ হচ্ছে


# নহিমিয় বাইবেল কলেজ

## সান্ধ্যকালীন

চীপক এবং সন্তোষপুরম

ECHO OF HIS CALL 1968-2018 (ECHO GROUP)

**মাধ্যম: তামিল**

ATA Regd. Candidate for Membership NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1968

*Registered Candidate for Membership*

Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

**ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর**

**ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর**

**শিক্ষগত যোগ্যতা:** দশম শ্রেণী এবং তদুর্ধ

ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

**যোগাযোগ: চেয়ারম্যান, নহিমিয় বাইবেল কলেজ**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

'ঈশ্বরের দর্শনটি গ্রহণ করা' - কেবল এটিই গুরুত্বপূর্ণ নয়।

২। শিশুটিকে জন্মাতে হবে - এর অর্থ হচ্ছে আমাদেরকে প্রভুর দর্শনটি গ্রহণ করার দ্বারা আমাদের ফলভিত্তিক হওয়া উচিৎ।

৩। তারপর আপনাকে শিশুটিকে লালন পালন করতে হবে- একবার আপনি যখন প্রভুর দর্শনটি লাভ করেছেন,তখন আপনাকে দর্শনটিকে লালন পালন করতে হবে এবং খুব যত্নের সঙ্গ এটি কার্যে পরিণত করতে হবে।

ঈশ্বরের পরিচারকদের কখনও এরকম মায়েদের মতো হওয়া উচিৎ নয় যারা তাদের নবজাত শিশুকে ডাস্টবিনে ছুঁড়ে ফেলে দেয়। সুসমাচার প্রচার করার দ্বারা আমরা অন্যদের মধ্যে ঈশ্বরের দর্শন সৃষ্টি করতে পারি। কিন্তু এটি তারা গ্রহণ করার সঙ্গে সঙ্গে, আমরা তাদের একা ছেড়ে দিতে পারি না। আমাদের আত্মায়, বাক্যে এবং সত্যে তাদের পালন করতে হবে। আদি ২১:৮ পদে আমরা দেখতে পাই যে অব্রাহামের সন্তান বেড়ে উঠল এবং তার স্তন্য-ত্যাগ করানো হল। একমাত্র শিশুটির স্তন্য ত্যাগ করার পরেই, অব্রাহাম এক মহাভোজের আয়োজন করেছিলেন। চার্চে একজন ব্যক্তি দর্শন লাভ করার পরে, ঈশ্বরের পরিচারকের তাকে পথ দেখানো উচিৎ যাতে সে আত্মিক সত্য লাভ করতে পারে এবং এর মধ্যে বৃদ্ধি লাভ করতে পারে। একজন মা যেমন তার সন্তানদের দুধ খাইয়ে বড় করে তোলে, সেইভাবে যারা স্তন্যের আশীর্ব্বাদ লাভ করেছেন ঈশ্বরের সেইপরিচারকদেরও পবিত্র আত্মার শক্তিতে দাঁড়ানো উচিৎ এবং চার্চে সেই আশীর্ব্বাদ পাস করে দেওয়া উচিৎ এবং তাদের বৃদ্ধি লাভ করতে সাহায্য করা উচিৎ। ঈশ্বরের মণ্ডলীকে অবশ্যই দৃঢ়ভাবে নির্মিত হতে হবে। "...আর পাতালের দ্বারগুলি এর বিপক্ষে জয়ী হতে পারবে না" (মথি ১৬:১৮)। ঈশ্বরের লোকদের ঈশ্বরের চার্চে রোপিত হওয়া উচিৎ। **"যাদের সদাপ্রভুর গৃহে লাগানো হয়েছে, তারা আমাদের ঈশ্বরের প্রাঙ্গণে সমৃদ্ধ হয়ে উঠবে"** (গীত ৯২:১৩)।

## ৪। গর্ভের আশীর্ব্বাদসমূহ!

**"...ইলীশায় যখন সেই বাড়িতে পৌঁছেছিলেন,ছেলেটি তাঁরই খাটে মরে পড়েছিল। তিনি ভিতরে ঢুকে,তাদের দুজনকে বাইরে রেখে দরজা বন্ধ করে দিলেন এবং সদাপ্রভুর কাছে প্রার্থনা করলেন। পরে তিনি বিছানায় উঠে ছেলেটির মুখের উপর মুখ,চোখের উপর চোখ, হাতের উপর হাত রেখে শুয়ে পড়েছিলেন। ছেলেটির উপর তিনি যখন নিজেকে বিছিয়ে দিলেন, তখন ছেলেটির শরীর গরম হয়ে গেল। ইলীশায় ফিরে এসে কামরার মধ্যেই আগে পিছে একটু পায়চারি করে আবার বিছানায় উঠে ছেলেটির উপর নিজেকে বিছিয়ে দিলেন। ছেলেটি সাতবার হাঁচি দিয়ে নিজের চোখ খুলেছিল"** (২ রাজা ৪:৩২-৩৫)।

ঈশ্বরের পরিচারকের মাধ্যমে লোকেরাও এই আশীর্ব্বাদ লাভ করেছিলেন। ঠিক যেভাবে একজন মা যন্ত্রণা সহ্য করে একটি শিশুকে জন্ম দেয়, ঈশ্বরের পরিচারকেরাও ঈশ্বরের শক্তি লাভ করেন এবং লোকদের কাছে সুসমাচার প্রচার করার দ্বারা এটি কার্যকর করেন এবং তাদেরকে বৃদ্ধি লাভ করতে সাহায্য করেন এবং অন্য লোকদের চার্চে আনার জন্য তাদের উৎসাহিত করেন এবং এইভাবে আরও মণ্ডলী প্রতিষ্ঠিত হয়। এই বিষয়ে ঈশ্বরের পরিচারকদের ভূমিকা গুরুত্বপূর্ণ। ঈশ্বরের কাছ থেকে তারা যাই আদেশ লাভ করুক না কেন তারা তাদের লোকদের উদ্দেশে এবং চার্চের উদ্দেশে সেই আদেশ পালন করতে ভুলতেন না। এছাড়াও তারা ঈশ্বরের আদেশগুলিকে সুরক্ষিত করতেন।

আমরা যখন তাঁর পরিচর্যা করার জন্য ঈশ্বরের আহ্বান পাই, তখন আমাদের এটি গ্রহণ করা উচিৎ এবং আমাদের এর বিরোধীতা করা উচিৎ নয়। যীশু খ্রীষ্টের শিষ্য থোমা, নিজের ইচ্ছায় ভারতে এসেছিলেন, যদিও তিনি ভারতের ভাষা অথবা সংস্কৃতি সম্পর্কে কিছুই জানতেন না। তিনি তাঁর বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের শক্তি প্রকাশ করতে পেরেছিলেন। তাঁর এই সমর্পিত পরিষেবার কারণে, ঈশ্বরের গৌরব প্রকাশিত হয়েছিল। লোকেরা দলে দলে অনুতাপ করেছিল। উল্লেখ করা

*(ক্রমশঃ, ৯ পাতায়)*

**কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য**

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

**TAX EXEMPTION**

*to donations received for Educational and Medical Aid for under-privileged*

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| Account Name | : | ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : | 1023 2923 805 |
| Bank Name | : | STATE BANK OF INDIA |
| Branch | : | TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : | SBIN 0000249 |
| SWIFT Code | : | SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ঈশ্বর পর্যাপ্ত GOD IS SUFFICIENT!

*"... কিন্তু যারা সদাপ্রভুর অন্বেষণ করে তাদের কোনও মঙ্গলের অভাব হবে না" (গীত ৩৪:১০)*

১৯৬৯ সাল থেকে, যখন থেকে আমরা তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলি শুরু করেছিলাম, তখন থেকেই আমাদের এই বহুমুখী পরিচর্যা কাজগুলির জন্য আমাদের আর্থিক অভাব ছিল। আমাদের কর্মীদের পরিচর্যার বেতন দানের জন্য, ছাপার কাগজের জন্য, ডাক টিকিটের জন্য, টেলিফোন বিল, ইলেকট্রিক বিল পরিশোধ করার জন্য, ঘর ভাড়া দেবার জন্য, যাতায়াতের গাড়ী ভাড়া, দাতব্য কার্যকলাপের জন্য আমাদের টাকার প্রয়োজন ছিল।

ব্যক্তিগতভাবে বলছি, আমার প্রভু যীশু খ্রীষ্টই আমার জন্য যথেষ্ট ছিল। তখন থেকে আজ পর্যন্ত আমি টাকার প্রত্যাশায় কারও দরজায় অথবা অফিসে আঘাত করিনি। এমনকী আমার চার্চের সদস্যদের কাছে অথবা বন্ধুদের কাছ থেকেও আর্থিক সাহায্য চাওয়ার অভ্যাস আমার নেই। কিন্তু এখনও প্রভু, যিনি আমাকে আহ্বান করেছেন, তিনি তাঁর নিজের পথে অলৌকিকভাবে আমার সমস্ত প্রয়োজনগুলি যথা সময়ে পূরণ করে আসছেন।

**"তিনি সবকিছু তার সময়ে সুন্দর করেছেন"** (উপদেশক ৩:১১)

এই ধরণের অভাব এবং সঙ্কটের সময়গুলিকে, আমি 'সহ্য করার সময়' হিসাবে, 'ঈশ্বর যখন আমাকে প্রার্থনা করতে বাধ্য করেন' সেই সময় হিসাবে দেখার অভ্যাসে পরিণত করেছিলাম, এবং এই সময় আমার কাছে একটি 'প্রার্থনায় ঈশ্বরের সঙ্গে আরও অধিক ভালো সম্পর্ক গড়ে তোলার' সময়ে পরিণত হয়েছিল। এই অভিজ্ঞতাগুলির পরে আমি মহান অলৌকিক কাজগুলি উপভোগ করেছি। এই ধরণের পরিস্থিতিগুলির মধ্যে, ঈশ্বর অনেক লোকদের তুলেছেন, যারা আমার অপরিচিত হলেও আমাকে সাহায্য করেছেন। বেশ কয়েকবার ঈশ্বর অপরিচিত লোকদের মাধ্যমে আমাকে এবং আমার পরিবারকে আহার দিয়েছেন!

১৯৭৫ সালে, যেখান থেকে আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি ছাপা হতো সেই বাপুজী প্রেসকে ৩০০ টাকা পরিশোধ করার ছিল। যেহেতু আমার হাতে কোনও টাকা ছিল না, সেহেতু আমার টাকা দিতে দেরী হয়েছিল। এক বিশেষ বৃহস্পতিবার আমি ঐ প্রেসের ম্যানেজারকে বলেছিলাম যে আমি পরের সোমবার টাকাটা দিয়ে দেব। কিন্তু ঐ টাকা লাভ করার মতো আমার কোনও উৎস ছিল না। আমি যদি টাকা দিতে ব্যর্থ হতাম,তাহলে সেই মাসে আমি পত্রিকাটি প্রকাশ করতে পারতাম না এবং সরকারের দিক থেকে আমাকে অনেক ঝামেলার সম্মুখীন হতে হতো। আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলাম এবং শান্তিতে ছিলাম। পরের সোমবার পর্যন্ত আমি টাকা জোগার করতে পারিনি।

সোমবার সকালে, আমি যখন পোস্ট অফিসে আমার মেলবকস্ খুলেছিলাম আমি দক্ষিণ ভারতের মাদুরাই এবং তুতিকোরিনের মধ্যভাগে অবস্থিত একটি ছোট গ্রাম, নাগালাপুরম থেকে আসা একটি খাম দেখতে পেয়েছিলাম। সেই খামের মধ্যে ৩০০ টাকার একটি ব্যাঙ্কের ডিমাণ্ড ড্রাফট্ ছিল ( যেটি কাটাচিহ্ন দেওয়া ছিল না)। ঐ দিনের জন্য আমার ঐ টাকাটাই যথেষ্ট ছিল। আমার প্রতিজ্ঞা অনুসারে ঈশ্বর আমাকে প্রেসের বকেয়া টাকা পরিশোধ করতে সক্ষম করেছিলেন। ঈশ্বরের গৌরব হোক!



অনেক বছর পর, আমি নাগালপুরম গ্রামে ঐ ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করতে গিয়েছিলাম। আমি আশ্চর্য হয়ে দেখেছিলাম যে ঐ ব্যক্তি ছিলেন একজন গরীব মুচি।

আমাকে দেখে তিনি খুব খুশী হয়েছিলেন। তিনি বলেছিলেন, "ঐ বিশেষ বৃহস্পতিবার, আমি অনুভব করেছিলাম কেউ আমার অন্তরে কথা বলছেন, সেই সময় আমার কাছে মাত্র ৩০০ টাকাই ছিল যা আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির জন্য দেওয়ার জন্য তিনি আমাকে রাজী করাচ্ছিলেন। সুতরাং আমি শুক্রবার টাকাটা পাঠিয়েছিলাম এবং আপনি সেটি সোমবার পেয়েছিলেন।"

এইভাবে প্রভু যীশু খ্রীষ্ট আমার জীবনে অলৌকিক কাজ করেন। যদিও আমাদের কোনও স্থায়ী আর্থিক সাহায্য নেই, যীশু খ্রীষ্ট এইরূপ অজ্ঞাত লোকদের দ্বারা আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করেন।

হ্যাঁ, বাস্তবিক এটি কঠিন পথ! তথাপি, আমি প্রতিদিন ঈশ্বরের মহানত্বের সাক্ষী হতে সক্ষম হই। প্রভু আমার পালক, আমার কোনও কিছুর অভাব হবে না।

**"সদাপ্রভু আমার পালক, আমার অভাব হইবে না"** (গীত ২৩:১)।

**" যে জ্ঞানী সে এই সবে মনোযোগ দেবে..."** গীত ১০৭:৪৩

■ ■ ■

*(ক্রমশঃ ৭ম পৃষ্ঠার পর থেকে)*

হয়েছে যে ৩০ লক্ষ লোক অনুতাপ করেছিল। তাদের মধ্যে ৭ লক্ষ লোক ঈশ্বরের অনুগ্রহে পরিচর্যা কাজের সঙ্গে যুক্ত হয়েছিল। এই লোকেরা যদি উপযুক্ত ভাবে কাজ করতো, তাহলে আপনি কি কল্পনা করতে পারছেন কত অধিক সংখ্যক লোক অনুতপ্ত হতো এবং ঈশ্বরের সন্তানে পরিণত হতো। এই বিষয়টি সম্পাদন করার জন্য, আমাদের গর্ভের আশীর্ব্বাদের প্রয়োজন। ঠিক যেভাবে একজন মা যন্ত্রণার সঙ্গে তার শিশুটিকে জন্ম দেন। আমরা যদি তাঁর পরিচর্যা কাজে আমাদের আহ্বানের প্রতি আন্তরিক হই এবং উৎসর্গীকৃত হই তাহলে আমরাও লোকদের অনুতাপ করার পথে পরিচালিত করতে পারবো।

২ রাজা ৪:১৮ পদে আমরা এক পুত্রের বিষয়ে জানতে পারি যে তার বাবার কাছে গেছিল যিনি ক্ষেতে শস্য কাটার লোকদের সঙ্গে ছিলেন। শিশুটি বড় হয়েছিল এবং তার বাবাকে সাহায্য করতো। একই ভাবে, একটি চার্চ অথবা ঈশ্বরের দাসেরা অথবা চার্চের সদস্যরা যখন বড় হয়, তখন তাদেরও অন্যদের সাহায্য করা উচিৎ। আর সেই শিশুটি তার পিতাকে বলেছিল, "আমার মাথা! আমার মাথা!" সুতরাং তিনি তার এক দাসকে বলেছিলেন, " ওকে ওর মায়ের কাছে নিয়ে যাও" (২ রাজা ৪:১৯)। শিশুটি যেমন অসুস্থ হয়েছিল, ঈশ্বরের দাসেরা এবং বিশ্বাসীরাও তাদের প্রার্থনার, পরিচর্যার জীবনে অথবা যীশুর কাছে আসার বিষয়ে সমস্যার সম্মুখীন হতে পারে। আমাদের এই ধরণের সমস্যাগুলিকে এড়িয়ে যাওয়া উচিৎ নয়। এটি হচ্ছে একটি রোগ যা আমাদের অবহেলা করা উচিৎ নয়। অবহেলা করলে এটি আত্মিক মৃত্যুর কারণ হতে পারে। শিশুটি মায়ের হাঁটুর উপর মারাগেছিল। আমরা যদি আমাদের পরিচর্যার মধ্যে অথবা আত্মিক উদ্যোগগুলির মধ্যে আত্মিক মৃত্যুর সম্মুখীন হই, আমাদের চার্চে যাওয়া প্রয়োজন এবং আমাদের সদাপ্রভু ঈশ্বরের কাছে আসা উচিৎ। একমাত্র মাই শিশুটিকে রক্ষা করতে পারে। আমরা যখন চার্চে যাই, প্রভু, যিনি আমাদের মা, তিনি নিশ্চিতভাবে আমাদের রক্ষা করবেন। যারা মারা গেছে তারা ঈশ্বরের জন্য কোনও কিছু করতে পারে না এবং তারা তাঁর জন্য উজ্জ্বল হতে পারে না।

যিহিষ্কেল ৪৭: ৩-৫ পদে আমরা পাঠ করি যে জলের মধ্যে দিয়ে যাওয়ার জন্য এক হাজার হাত পরিমাণ জল মাপা হয়েছিল। সেই সময় জল গোড়ালী পর্যন্ত ছিল। তারপর আরও ১০০০ হাত জল মাপা হয়েছিল, তখন জল হাঁটু পর্যন্ত উঠেছিল। তারপর আরও ১০০০ হাত জল মাপা হয়েছিল এবং জল কোমর পর্যন্ত উঠেছিল। তারপর আবার ১০০০ হাত জল মাপা হয়েছিল এবং জল নদীর মতো হয়েছিল এবং ভাববাদী নদী পার হতে পারেননি। ঈশ্বর কেন অল্প অল্প করে পরিমাপ করেছিলেন? এর কারণ হচ্ছে, ঈশ্বর আমাদের যা দিয়েছেন তা যদি আমরা সঠিকভাবে পার করতে পারি, তাহলে পরবর্তী আশীর্ব্বাদ মাপা হবে এবং প্রদত্ত হবে। সুতরাং, এখানে ঈশ্বর যা প্রকাশ করছেন তা হচ্ছে, তিনি আমাদের যা দেন তা আমরা যখন যথাযথভাবে ব্যবহার করি, তখন পরবর্তী আশীর্ব্বাদ আসবে। কেবল আমরা যখন উপযুক্তভাবে আমাদের মণ্ডলীর তত্ত্বাবধান করবো অথবা ঈশ্বর আমাদের যে পরিচর্যা কাজ দিয়েছেন তা যখন আমরা উপযুক্তভাবে করবো, তখন আমরা প্রচুররূপে ঈশ্বরের আশীর্ব্বাদ লাভ করবো এবং এর মধ্যে আমরা মহাবৃদ্ধি দেখতে পাবো।

গণনা ১৬:৩৬-৩৮ পদে আমরা এই বিষয়টি পাঠ করি: তারপর সদাপ্রভু মোশির সঙ্গে কথা বলেছিলেন: **"হারোণ যাজকের পুত্র ইলীয়াসরকে বলো, সকল অঙ্গারধানী নিয়ে, তাদের অবশিষ্ট অঙ্গার, দূরে কোথাও ফেলে দিতে, কারণ ওই সকল অঙ্গারধানী পবিত্র। সেই লোকদের অঙ্গারধানী যারা নিজেদের জীবনের প্রতিকূলে পাপ করেছিল। অঙ্গারধানীগুলি হাতুড়ি দিয়ে পিটিয়ে বেদির আচ্ছাদনের জন্য পাত প্রস্তুত করো, কারণ সেই সকল সদাপ্রভুর উদ্দেশে নিবেদিত হয়েছিল, তাই পবিত্র। সেগুলি ইস্রায়েলীয়দের জন্য নিদর্শনস্বরূপ হোক।"**

সমাগম তাঁবুতে দীপদানগুলি এবং বেদি একই জায়গায় থাকবে। কিন্তু ধূপাধারগুলি যাজকের হাতে থাকবে এবং যাজক যেখানে যাবেন তার সঙ্গে যাবে। এখন ধূপাধারগুলি একটি অবাঞ্ছিত জায়গায় আটকে গিয়েছিল। ধূপাধারগুলিকে পবিত্র জায়গায় রাখা উচিৎ,কিন্তু এখানে আমরা দেখতে পাচ্ছি এগুলি বাইরের প্রাঙ্গণে আছে। সদাপ্রভু আজ্ঞা দিয়েছিলেন যে ধূপাধারগুলিকে হাতুড়ি দিয়ে পেটানো পাত দিয়ে তৈরী করতে হবে যা বেদিকে আচ্ছাদিত করতে পারবে। আমাদের অবশ্যই উপলব্ধি করতে হবে যে আমাদের আত্মিক বৃদ্ধি স্বর্গে পৌঁছাতে হবে এবং তা মাঝপথে থেমে গেলে চলবে না। আমরা যে কয়েকটি বিশেষ আত্মিক অভিজ্ঞতা লাভ করেছি তাতে সন্তুষ্ট হয়ে থাকা উচিৎ নয়। আমাদের অবিরত আত্মিকভাবে বৃদ্ধি লাভ করতে হবে এবং ঈশ্বরের সেবা করতে হবে যাতে আমরা তাঁর রাজ্যে প্রবেশ করতে পারি।

২ রাজা ৪:২১-২৫ পদে, আমরা দেখতে পাই যে, একটি শিশুকে মৃত্যু থেকে জীবিত করার জন্য, একটি গাধা, একজন দাস, মা, একজন ঈশ্বরের দাস এবং একজন সহযোগি আপ্রাণ চেষ্টা করেছিলেন। এই পাঁচজন ব্যক্তিকে সুসমাচার প্রচারক,প্রেরিত, ভাববাদী, পালক এবং শিক্ষকদের সঙ্গে তুলনা করা যেতে পারে। এই প্রধান পাঁচজন ব্যক্তি আমাদের গর্ভের আশীর্ব্বাদগুলি দিতে পারেন। ঈশ্বরের লোক, ইলীশায়ের কাছে যাবার জন্য তিনজন ব্যক্তি ব্যবহৃত হয়েছিলেন। তারপর চতুর্থ ব্যক্তি গেহসি, ইলিশায় ভাববাদীর সহযোগি ইলীশায়ের ছড়িটির মাধ্যমে শিশুটিকে বাঁচানোর চেষ্টা করেছিলেন। যেহেতু তিনি শিশুটিকে বাঁচিয়ে তুলতে ব্যর্থ হয়েছিলেন, তারা শিশুটিকে ইলীশায়ের কাছে নিয়ে এসেছিলেন।

**"...ইলীশায় যখন সেই বাড়িতে পৌঁছেছিলেন, ছেলেটি তাঁরই খাটে মরে পড়েছিল। তিনি ভিতরে ঢুকে, তাদের দুজনকে বাইরে রেখে দরজা বন্ধ করে দিলেন এবং সদাপ্রভুর কাছে প্রার্থনা করলেন। পরে তিনি বিছানায় উঠে ছেলেটির মুখের উপর মুখ, চোখের উপর চোখ, হাতের উপর হাত রেখে শুয়ে পড়েছিলেন। ছেলেটির উপর তিনি যখন নিজেকে বিছিয়ে দিলেন, তখন ছেলেটির শরীর গরম হয়ে গেল। ইলীশায় ফিরে এসে কামরার মধ্যেই আগে পিছে একটু পায়চারি করে আবার বিছানায় উঠে ছেলেটির উপর নিজেকে বিছিয়ে দিলেন। ছেলেটি সাতবার হাঁচি দিয়ে নিজের চোখ খুলেছি"** (২ রাজা ৪:৩২-৩৫)।

শিশুটিকে রক্ষা করার জন্য ইলীশায়কে বিভিন্ন পদ্ধতিগুলি দ্বারা চেষ্টা করতে হয়েছিল, এদিক ওদিক চলাফেরা করা এবং শেষ পর্যন্ত শিশুটি জীবিত হয়েছিল। তাঁর প্রচেষ্টাগুলিকে একজন মায়ের সঙ্গে তুলনা করা যেতে পারে যিনি মহা যন্ত্রণার সঙ্গে এবং অনেক চেষ্টার মধ্যে দিয়ে তার সন্তানকে প্রসব করেন।

একইভাবে, মায়ের মতো একজন ঈশ্বরের দাসকেও যন্ত্রণা সহ্য করতে হয়। তাদের সংগ্রাম করতে হয় যাতে লোকদের আত্মিক জীবন ধ্বংস না হয়ে যায়।

শিশুটির শ্বাস প্রক্রিয়ার মধ্যে ধুলার যে প্রতিবন্ধকতা তৈরী হয়েছিল তা সরানো হয়েছিল যখন শিশুটির সাতবার হাঁচি হয়েছিল। ঈশ্বরের দাসদেরও লোকদের জন্য যে কঠিন কাজ দেওয়া হয়েছে এবং গর্ভের আশীর্ব্বাদগুলি লোকদের কাছে দেওয়ার যে কাজ দেওয়া হয়েছে তার জন্য কোনও কিছু মনে করা উচিৎ নয়।

***********

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

বিনামূল্যে মাসিক পত্রিকা

**আহ্বানের প্রতিধ্বনি**

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | | |
|---|---|---|
| Branch | : | Triplicane, Chennai-5 |
| Name | : | S. Sam Selva Raj |
| A/C No. | : | 1023 2934 679 |
| IFSC | : | SBIN 00 00 249 |
| SWIFT CODE | : | SBI NIN BB 455 |

### 2. Bank : ICICI Bank

| | | |
|---|---|---|
| Branch | : | Anna Salai, Chennai-6 |
| Name | : | Echo of His Call |
| A/C No. | : | 6038 0502 2319 |
| IFSC | : | ICIC 000 6038 |

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

| | | |
|---|---|---|
| Branch | : | Triplicane, Chennai-5 |
| Name | : | Echo of His Call Educational Trust |
| A/C No. | : | 1023 2923 805 |
| IFSC | : | SBIN 00 00 249 |

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ

*****

E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা** **আজীবন গ্রাহক মূল্য : ২,০০০ টাকা**

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/21-23
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at “Egmore RMS / 1 Patrika Channel”
on 14th NOVEMBER 2022
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

**JESUS LOVES YOU!**

To

*GOD BLESS YOU!*

Owned and published by S. Sam Selva Raj from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at Echo of His Call Printers, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: S. Sam Selva Raj.